

কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড
নিউমুরিং, চট্টগ্রাম
www.navy.mil.bd

ফোন : ৭৪০৩৯১-৫ বর্ধিত ৬৭২৫
ই-মেইল : csd@navy.mil.bd

১৩ আশ্বিন ১৪২৭

২৮ সেপ্টেম্বর ২০২০

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১১৯.২০. ১৫৬৭

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

কাজের বর্ণনা ও শর্তাবলী

১। বিএন ডকইয়ার্ড ক্যালিব্রেশন সেন্টার এর তত্ত্বাবধানে বিএন ডকইয়ার্ড ল্যাবরেটরী এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত মেরামতকারী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

01 in no Multi Gas Detector (model- QRAE-3) Pump is to be calibrated as necessary.

২। **Calibration কাজ সংক্রান্ত বিবরণ।** শুধুমাত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত প্রতিষ্ঠানের মাধ্যমে Calibration কাজ সম্পাদন করা যাবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে সরকার প্রদত্ত অনুমোদন পত্র এর সত্যায়িত কপি দরপত্রের সাথে প্রদান করতে হবে।

৩। **যন্ত্রপাতি/ যন্ত্রাংশ/ আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ।** ক্যালিব্রেশন কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে দরপত্র দাখিল করবেন। অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে তা প্রদান করে Multi Gas Detector এর ক্যালিব্রেশন সংক্রান্ত কাজ সম্পাদন করতে হবে।

৪। **Calibration সংক্রান্ত নির্দেশাবলী।** উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/ বিনির্দেশ মোতাবেক হতে হবে।

৫। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড ক্যালিব্রেশন সেন্টার এবং বিএন ডকইয়ার্ড ল্যাবরেটরী এর তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৬। **জনবলের সার্বিক নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের সার্বিক নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৭। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ১৫ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বিএন ডকইয়ার্ড ল্যাবরেটরী সিআর নং ৯১১২০০০৩৬৯ তারিখ ০৯ সেপ্টেম্বর ২০২০)।

৮। **ওয়্যারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে সংশ্লিষ্ট জাহাজ/ ঘাঁটি কর্তৃক গ্রহণযোগ্যতা/ Acceptance প্রদানের পর হতে ০১ বছর ওয়্যারেন্টি প্রদান করতে হবে। ওয়্যারেন্টিকালীন দরপত্রে উল্লেখিত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ সম্পাদন করতঃ Multi Gas Detector এর সচলতার টেষ্ট/ ট্রায়াল সম্পাদন করবে।

৯। **বিলম্ব জরিমানা।** বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ কার্যাদেশের মোট মূল্যের প্রতি মাসে ১%-২% হারে বিলম্বিত সময়ের জন্য মোট মূল্যের সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তন করতে পারবে।

১০। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান।** কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/ এসএফসি (নৌ) ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১১। হাসপাতাল গেইটে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ০৫ অক্টোবর ২০২০, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

১২। আগামী ০৫ অক্টোবর ২০২০, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।

১৩। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।

সীমিত

- ১৪। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এষ্টিমেটিং ডিপার্টমেন্টের আউট সাইড এজেন্সি এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- ১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/ গ্রহণ করার ক্ষমতা রাখে।
- ১৬। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স ইত্যাদি অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করতে হবে।
- ১৭। দরপত্র টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।
- ১৮। দরপত্র দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কার্যাদেশ প্রদানের পর কাজে অপারগতা প্রকাশ করলে মোট মূল্যের উপর ৫% জরিমানা আরোপ করা হবে।
- ১৯। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট এবং ট্যাক্স ব্যতীত বাংলাদেশ নৌ বাহিনীকে কনসাইনি করে আমদানী করতে হবে।



মাহবুব আলী

কমান্ডার বিএন

পক্ষে কমান্ডার সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড